



দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



সোমবার

১২ ফেব্রুয়ারি ২০২৪

www.edainikazadi.net বেজি, নং-৮-৫৪ ৬৪তম বর্ষ ১৫৯ সংখ্যা ২৯ মার্চ ১৪৩০ সাল ১ শাবান ১৪৪৫ হিজরি

৮ পৃষ্ঠা

৭ টাকা

আইআইইউসি মানবসম্পদ উন্নয়নে অবদান রাখছে

কর্মশালায় উপাচার্য

| রবিবার , ১১ ফেব্রুয়ারি, ২০২৪ at ৯:৫৯ পূর্বাহ্ন



আইআইইউসি আইন বিভাগ এবং ল' ক্লাবের যৌথ আয়োজনে লিগ্যাল স্কিলস অ্যান্ড মুটিং শীর্ষক দিনব্যাপী কর্মশালা গত ৭ ফেব্রুয়ারি আইআইইউসির কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলওয়াত ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয় এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ।

তিনি বলেন, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠালগ্ন থেকে মানবসম্পদ উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। সেই লক্ষ্য অর্জনে আইন বিভাগ এ ধরনের কর্মসূচি আয়োজনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য অর্জনে সহযোগিতা করে আসছে।

আইন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক অ্যাডভোকেট মো. মঞ্জুর হোসাইন পাটোয়ারির সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন ল' ক্লাবের সহ-সভাপতি ও সহকারী অধ্যাপক অ্যাডভোকেট রিদওয়ান গণি এবং সহকারী প্রক্টর ও সহকারী অধ্যাপক এবং সহ-সভাপতি অ্যাডভোকেট মো. নাছির উদ্দীন। কর্মশালায় আইন বিভাগের বিভিন্ন বর্ষের ৩০০জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রাহ্মণবাড়িয়ার জেলা ও দায়রা জজ মো. নজরুল ইসলাম। কর্মশালার প্রথমার্ধে মুটিং বিষয়ক আলোচনা উপস্থাপন করেন ফেনী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রভাষক শাখাওয়াত হোসাইন সেজান।

মূল আলোচক শিক্ষার্থীদের আইনগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদ্ধতি ও কৌশল এবং ফৌজদারি মামলা পরিচালনার বিভিন্ন দিক নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা পেশ করেন। স্বাগত বক্তব্য দেন, আইআইইউসি আইন বিভাগের সহকারী অধ্যাপিকা ও ল' ক্লাব ফিমেল চ্যাপ্টারের সভাপতি ফয়েজুল্লেসা তরু এবং সহকারী অধ্যাপিকা সুফিয়া খানম। সঞ্চালনা করেন প্রভাষক নুসরাত জাহান। কর্মশালায় অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।